website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১২

তারিখ: অক্টোবর ৩১, ২০১১
কার্তিক ১৬, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সরাসরি রপ্তানীকৃত পণ্যের বিপরীতে শুল্ক ও কর প্রত্যর্পণ প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে সেপ্টেম্বর ২৮, ১৯৯৫, ফেব্রুয়ারি ০৭, ১৯৯৯ ও নভেম্বর ৩০, ২০০০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ১৯, ০৪ এবং ২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলার লেটার অনুযায়ী সরাসরি রপ্তানীকৃত ১৬টি পণ্যের বিপরীতে শুল্ক ও কর প্রত্যর্পণ বাবদ অর্থ বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে প্রদান করা হতো এবং রপ্তানীকারকদের দাবী মেটানোর জন্য প্রয়োজনীয় ইমপ্রেস্ট তহবিল বাংলাদেশ ব্যাংক হতে যোগানো হতো ।

এক্ষণে, জাতীয় রাজস্ব বোর্ড এর সেপ্টেম্বর ০৮, ২০১১ তারিখের সাধারণ আদেশ নং-৮/মূসক/২০১১ এর নির্দেশনাক্রমে বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে কতিপয় পণ্যের প্রত্যর্পণ প্রদান সংক্রান্ত তাদের সাধারণ আদেশ নং ১৫/মূসক/৯৫,তারিখ-সেপ্টেম্বর ১৯, ১৯৯৫ খ্রিঃ বাতিল করা হয়েছে এবং উক্ত ১৬টি পণ্যের প্রত্যর্পণ সেপ্টেম্বর ১৩, ২০১১ তারিখ হতে বাণিজ্যিক ব্যাংকের পরিবর্তে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে,এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫